



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড
ঢাকা-১০০০



নং-পসব্য/প্রকা/প্রশা-১২১/২০২১-২২/১২১


তারিখঃ ১৮/১০/২০২১খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

পল্লী সঞ্চয় ব্যাংকে ‘শেখ রাসেল দিবস-২০২১’ পালিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৮তম জন্মদিন উপলক্ষ্যে ১৮ই অক্টোবর ২০২১ বিকাল ৩:০০ ঘটিকায় পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ আকরাম-আল-হোসেন এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব খন্দকার আতাউর রহমান, ব্যাংক পরিবার ও পথশিশুদেরকে নিয়ে কেক কেটে ‘শেখ রাসেল দিবস-২০২১’ উদযাপনের সূচনা করেন। দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভা, দোয়া, মিলাদ মাহফিল এবং দেশ-জাতির সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এ উপলক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে ৫০ (পঞ্চাশ) জন পথশিশুকে উন্নতমানের খাবার পরিবেশন করা হয় এবং তাদেরকে শেখ রাসেলের ছবি সম্বলিত টি-শার্ট উপহার দেয়া হয়। পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ ও ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে শেখ রাসেলের প্রাণচঞ্চল দুরন্ত শৈশবের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। ব্যাংকের দেশব্যাপী ৪৮৫টি শাখায় শেখ রাসেলের জন্মদিনের শুভেচ্ছাবাগী সম্বলিত ব্যানার স্থাপন করা হয় এবং প্রশাসনের বিভিন্ন কর্মসূচিতে স্থানীয়ভাবে অংশগ্রহণ করা হয়।

উল্লেখ্য, ১৯৬৪ সালের এই দিনে বঙ্গবন্ধুর স্মৃতি-বিজড়িত ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বরের ‘বঙ্গবন্ধু ভবনে’ শেখ রাসেল জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট মানবতার ঘৃণ্য শত্রু -খুনি-ঘাতক চক্রের নির্মম বুলেটের হাত থেকে রক্ষা পায়নি বঙ্গবন্ধুর ছোট ছেলে শেখ রাসেল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরিবারের অন্য সদস্যদের সঙ্গে নরপিশাচরা নিষ্ঠুরভাবে শিশু রাসেলকেও হত্যা করেছিল। মৃত্যুকালে তিনি ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র ছিলেন।


(দীপংকর রায়)

মহাব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক

headoffice@pallisanchaybank.gov.bd



